মেহেরপুর জেলা জামায়াতের আমির গ্রেফতার

মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খানকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ বুধবার বিকাল সোয়া ৪টার দিকে মুজিবনগর উপজেলার গৌরিনগর থেকে মুজিবনগর থানা পুলিশ তাকে গ্রেফতার করে।



মাওলানা তাজ উদ্দিন খান মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদরাসার সিনিয়র মৌলভি শিক্ষক। তিনি বল্লবপুর গ্রামের মৃত আবুল হোসেন খান এর ছেলে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, বিশেষ ক্ষমতা আইনে জেলা জামায়াতের আমি তাজ উদ্দিন খানকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে নাশকতার অনেকগুলো মামলা চলমান রয়েছে। আগামীকাল বৃহস্পতিবার আদালতে পাঠানো হবে।

মুজিবনগরে বিজন হত্যাকান্ডে জড়িত ৩ আসামিকে কারাগারে

প্রেরণ

ইজিবাইক চালক বিজন মোল্লা হত্যাকান্ডে জড়িত সন্দেহে আটক ৩ জনকে আদালতে প্রেরণ করেছে পুলিশ। আদালত জবানবন্দী গ্রহন করে তাদের কারাগারে প্রেরণের করে।

আজ বুধবার (১লা নভেম্বর) দুপুরে মুজিবনগর থানা থেকে তাদের আদালতে প্রেরণ করা হয়। তারা হত্যাকাণ্ডে সম্পৃক্ততার স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেয়ার পর তাদের কারাগারে প্রেরণের নির্দেশ দেন।

এর আগে মেহেরপুর জেলা গয়েন্দা পুলিশ ও মুজিবনগর থানা পুলিশের সমন্বিত একটি দল হত্যাকাণ্ডে সম্প্রিক্ততার প্রাথমিক তথ্যপ্রমাণ পেয়ে প্রযুক্তি ব্যবহার করে ঢাকার মিরপুর থেকে গত ৩০ অক্টোবর দিবাগত রাতে আসামী সোহেল রানা(৩৮),শাকিল শেখ(২৪) ও ডালিম(২০) কে গ্রেফতার করে মেহেরপুর নিয়ে আসে।

উল্লেখ্য গত ২৯ অক্টোবর রবিবার রাতে মোনাখালী ইউনিয়নের মুড়িতলা মাঠ থেকে ইজিবাইক চালক বিজনের (২৬) অরর্ধগলিত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। লাশ উদ্ধারের পর পরিবারের অভিযোগের ২৪ ঘন্টার মধ্যে জেলা পুলিশ আসামীদের সনাক্ত ও আটক করতে সক্ষম হয়।

মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল বলেন, আটককৃত আসামীরা হত্যাকান্ডের সম্পৃক্ততার কথা স্বাকীর করেছে। তাদের আদালতে প্রেরণ করলে আদালতের বিচারক আসামীদের কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

মেহেরপুর বিচার বিভাগে বদলিজনিত শূন্য পদে তিন বিচারকের যোগদান

সম্প্রতি বদলেজনিত কারণে মেহেরপুর বিচার বিভাগের জেলা জজ আদালত ও চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে শূন্য হওয়া তিনটি পদে নতুন

তিনজন বিচারক যোগদান করেছেন।

গতকাল মঙ্গলবার মেহেরপুর জেলা জজ আদালতে সিনিয়র সহকারী জজ হিসেবে বিচারক নাহিদ হোসেন এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে বিচারক হিসেবে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আল-আমিন ও জাহিদুর রহমান যোগদান করেছেন।

গতকাল মঙ্গলবার জেলা জজ আদালতে জেলা ও দায়রা জজের সম্মেলন কক্ষে নব যোগদান কৃত তিন বিচারককে বরণ করে নেয়া হয়। অতঃপর চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আদালতে যোগদান কৃত দুই জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ফুল দিয়ে বরণ করে নেন চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিক।

২৪ ঘন্টায় মেহেরপুরে বিএনপির ১০ নেতাকর্মী গ্রেফতার

বিএনপির ডাকা তিনদিনের অবরোধের প্রথম দিন অনেকটা নিরুত্তাপ কেটেছে। দোকানপাট ও স্থানীয় যানবাহন স্বাভাবিকভাবে চলাচল করেছে। তবে দুরপাল্লার কোন পরিবহন ছেড়ে যায়নি। এদিকে নাশকতা ঠেকাতে মেহেরপুর জেলা পুলিশ গত ২৪ ঘস্টায় বিশেষ অভিযান পরিচালনা করে তিন উপজেলা থেকে বিএনপির ১০ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এর মধ্যে সদর থানা ৪ জন, গাংনী থানা ৫ জন এবং মুজিবনগর থানা একজনকে আটক করেছে।

জেলা পুলিশ সূত্রে জানা গেছে, পুলিশ সুপারের নির্দেশে তিন থানার ওসির নেতৃত্বে পুলিশের একাধিক টিম মঙ্গলবার দিনব্যাপী জেলা বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করেন।

এসময় বিশেষ ক্ষমতা আইনে সদর থানা পুলিশ কুতুবপুর ইউনিয়ন যুবদলের সভাপতি মো: শামীম হোসেন (৪৫), মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক মো: খোরশেদ আলম (৩৬), বিএনপি কর্মী মো: এনামুল হক (৫৫), কুতুবপুর ইউনিয়ন যুবদলের সহ-সভাপতিমো: তুহিন হোসেন (৪০)। গাংনী থানা পুলিশ সাহারবাটি ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সেক্রেটারি

আসমাউল হুসনা(২৮), রায়পুর ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সভাপতি হাফিজুর রহমান (৫০), ওয়ার্ড যুবদলের সভাপতি জামাল হোসেন (৪৫), জুমাত আলী(৫০), সাহারবাটি ইউনিয়ন বিএনপির সভাপতি,গাংনী পৌর সেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক মো: এডাম সুমন(৪০), মুজিবনগর থানা পুলিশ মহাজনপুর ইউনিয়ন বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক সাব্দার আলী(৫৪)।
পুলিশ জানায়, গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।
নিজস্ব প্রতিনিধি

বিএনপির ডাকা তিনদিনের অবরোধের প্রথম দিন অনেকটা নিরুত্তাপ কেটেছে। দোকানপাট ও স্থানীয় যানবাহন স্বাভাবিকভাবে চলাচল করেছে। তবে দুরপাল্লার কোন পরিবহন ছেড়ে যায়নি। এদিকে নাশকতা ঠেকাতে মেহেরপুর জেলা পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে তিন উপজেলা থেকে বিএনপির ১০ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। এর মধ্যে সদর থানা ৪ জন, গাংনী থানা ৫ জন এবং মুজিবনগর থানা একজনকে আটক করেছে।
জেলা পুলিশ সূত্রে জানা গেছে, পুলিশ সুপারের নির্দেশে তিন থানার ওসির নেতৃত্বে পুলিশের একাধিক টিম মঙ্গলবার দিনব্যাপী জেলা বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করেন।

এসময় বিশেষ ক্ষমতা আইনে সদর থানা পুলিশ কুতুবপুর ইউনিয়ন যুবদলের সভাপতি মো: শামীম হোসেন (৪৫), মুজিবনগর উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক মো: খোরশেদ আলম (৩৬), বিএনপি কর্মী মো: এনামুল হক (৫৫), কুতুবপুর ইউনিয়ন যুবদলের সহ-সভাপতিমো: তুহিন হোসেন (৪০)। গাংনী থানা পুলিশ সাহারবাটি ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সেক্রেটারি আসমাউল হুসনা(২৮), রায়পুর ইউনিয়নের ওয়ার্ড বিএনপির সভাপতি হাফিজুর রহমান (৫০), ওয়ার্ড যুবদলের সভাপতি জামাল হোসেন (৪৫), জুমাত আলী(৫০), সাহারবাটি ইউনিয়ন বিএনপির সভাপতি,গাংনী পৌর সেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক মো: এডাম সুমন(৪০), মুজিবনগর থানা পুলিশ মহাজনপুর ইউনিয়ন বিএনপির কৃষি বিষয়ক সম্পাদক সাব্দার আলী(৫৪)।
পুলিশ জানায়, গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অনুষ্ঠিত

মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদারের অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষ্যে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ সময় কলেজ শিক্ষক মিলনায়তনে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর খুরশীদ আলমের সভাপতিত্বে এবং শিক্ষক পরিষদের সম্পাদক শিক্ষক সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংবর্ধিত অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার, সদ্য বিদায়ী উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষক পরিষদের যুগ্ন সম্পাদক মিলন মন্ডল। অনুষ্ঠানে স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন অধ্যক্ষ শফিউল ইসলাম সরদারের সহধর্মিণী মিসেস রেহেনা বেগম,অধ্যক্ষ পুত্র মিনহাজুল ইসলাম সাইফ,রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল লতিফ,হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক গাজী নজরুল ইসলাম,অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক হাবিবুর রহমান,রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সাবেক সম্পাদক ফুয়াদ হাসান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথা, পদার্থবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক খসরু,ইসলাম, বাংলা বিভাগের মইনুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের মুন্সী রাশেদুল হক,, গণিত বিভাগের সহকারী অধ্যাপক নজিউর রহমান, ইংরেজী বিভাগের মীর মাহফুজ আলী বাংলা বিভাগের প্রভাষক সানজিদা ফেরদৌস, প্রাক্তন লাইব্রেরিয়ান মিনা পারভিন কর্মচারীদের পক্ষ থেকে সালমা আক্তার, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ ও সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন বক্তব্য রাখেন।

বক্তারা শফিউল ইসলাম সরদারের এই কলেজে অধ্যক্ষ হিসেবে তার সফলতা ও কর্মের প্রশংসা করেন। একজন সফল প্রশাসক ও অভিভাবক হিসেবে জেলা সদরের এই বৃহৎ কলেজটির উন্নয়নে তার অবদানের কথা স্বরণ করেন। বক্তারা কলেজ অধ্যক্ষ কে একজন দক্ষ প্রশাসক, অতিথিপরায়ণ ও সর্বোপরি একজন ভাল ও সফল মানুষ হিসেবে উল্লেখ করেন।

বিশেষ করে কলেজটির ২ টি পাচতলা বিল্ডিং সহ সার্বিক অবকাঠামো উন্নয়নে তিনি নিরলসভাবে কাজ করেছেন বলে তারা উল্লেখ করেন। শফিউল ইসলাম সরদার দীর্ঘ সাড়ে ছয় বছর এই কলেজের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব

পালন কালে কলেজের সামগ্রিক উন্নয়নের কথা তুলে ধরেন। শফিউল ইসলাম সরদার তার বক্তব্যে দীর্ঘ ৩৩ বছরের শিক্ষকতা জীবনের বিভিন্ন দিকের কথা উল্লেখ করেন। তিনি অধ্যক্ষ হিসেবে দায়িত্ন পালনকালে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। কলেজ শফিউল ইসলাম সরদার মেহেরপুর সরকারী কলেজে যোগদানের আগে যশোর সরকারী এমএম কলেজে রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান ও উপাধ্যক্ষ হিসেবে দায়িত্ন পালন করেন।

গাংনীতে বিশ্ব ডিম দিবসের আয়োজন

গাংনী উপজেলার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিট এর প্রাণিসম্পদ খাতের আওতায় ভাটপাড়া প্রাথমিক বিদ্যালয়ে বিশ্ব ডিম দিবস আয়োজন করা হয়। উক্ত ডিম দিবসে শিক্ষক, শিক্ষার্থী ও অভিবাবক সহ মোট ২১০ জন অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বক্তারা নিয়মিত ডিম খাওয়ার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন।

বক্তারা বলেন, আমরা সবাই ডিম পছন্দ করি। প্রতিদিন একটি ডিম অনেকেই খান। তবে একটি নয়, দৈনিক দুটি ডিম খেলে মিলতে পারে নানা উপকার।

বিশেষজ্ঞরা জানাচ্ছেন, প্রতিদিন ডিম খেলে বেশ কিছু উপকার হয়। এতে উপকারী কোলেস্টেরলের মাত্রা বৃদ্ধি পায়, যা হৃদরোগের ঝুঁকি কমাতে সাহায্য করে।ডিমে থাকে প্রচুর পরিমাণে ভিটামিন বি, বায়োটিন, থিয়ামিন এবং আরও অনেক উপকারী উপাদান থাকে যা আমাদের ত্বক, চুল এবং নখের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে।প্রতিদিন দুটি করে ডিম খেলে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে।ডিমে রয়েছে ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড এবং অ্যান্টি-অক্সিডেন্টস। এই উপাদান দৃষ্টিশক্তি উন্নত করতে সাহায্য করে। স্মৃতিশক্তি উন্নত করে ও মস্তিষ্ক সচল রাখতে সাহায্য করে।ডিমে রয়েছে প্রচুর পরিমাণে উপকারী উপাদান যা পেশি গঠনে যা অত্যন্ত সহায়ক। যারা ওজন বাড়াতে চাইছেন, তারা নিয়মিত খাবারের তালিকায় ডিম রাখতে পার।আলোচনা

অনুষ্ঠান শেষে প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ডিম প্রদান করা হয়। ডিম দিবস উপলক্ষে আয়োজিত রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন করা হয়। এসময় শিক্ষার্থীদের নিয়ে রালির আয়োজন করা হয়।উক্ত ডিম দিবসে রিসোর্স পারসন হিসাবে উপস্থিত ছিলেন ডা: মো: ইমদাদুল হক(মেডিক্যাল অফিসার, গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে)।

এছাড়া উপস্থিত ছিলেন সংস্থার পরিচালক ও উপ পরিচালক সহ সংস্থা সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তা ও উপসহকারী বৃন্দ।আরও উপস্থিত ছিলেন ভাটপাড়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকমন্ডলী সহ ম্যানেজিং কমিটির সদস্যগণ।

গাংনীতে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে বিনামূল্যে ছাগল বিতরণ

মেহেরপুরের গাংনীতে ‘বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি ও ছাগল পালন প্রকল্প’ এর আওতায় বিনামূল্যে ছাগল(ছাগী) বিতরণ করেছে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি।

মঙ্গলবার বিকেলে সংস্থার প্রধান কার্যালয়ে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি ছাগল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর অর্থায়নে ছাগল বিতরণ প্রকল্পের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,সহকারি কমিশনার(ভূমি) নাদির হোসেন শামীম ও ভেটেরিনারি সার্জন ডাক্তার আরিফুল ইসলাম। সংস্থার পরিচালক কামরুজ্জামানের সঞ্চালিত অনুষ্ঠানে সংস্থার নানা কার্যক্রম তুলে ধরে বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক মুহাঃ মোশাররফ হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্থার পরিচালনা পর্ষদের সভাপতি মোঃ রমজান আলী। এসময় পারিবারিক বিরোধ

নিষ্পত্তি হওয়া অলিনগর গ্রামের কনিকা খাতুন ও চৌগাছা গ্রামর মমতা খাতুন মাত্র ১০০ টাকায় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি’র কাছে বিচার চেয়ে সংসার ফিরে পাওয়ার গল্প শোনান।

আলোচনা শেষে ১৫জন উপকারভোগীদের মাঝে ছাগল (ছাগী)বিতরণ করা হয়। সংসারে স্বচ্ছলতা ফিরিয়ে আনতে ছাগল পালন ও বিনামূল্যে ছাগল বিতরণ গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে সকলের কাছে আহবান রাখেন বক্তারা।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে ২৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় নিরাপদ সবজি উৎপাদনের লক্ষ্যে গাংনী শাখার ভাটপাড়া গ্রামের ২৫ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয় ।

বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- স্পিডো লিউর, কিউ লিউর, বিএসএফবি লিউর, যা বিভিন্ন ফসলের পোকামাকড় দমনের জন্য ব্যবহ্রত হয় যেমন, লাউ, কুমড়া, শসা, ফুলকপি, বেগুন ঝিঙ্গা,বরবটি ইত্যাদি। পাশাপাশি উপকারভোগীদেরকে উক্ত উপকরন প্রদানের লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন ।

মেহেরপুরে বিজিবি মোতায়েন

বিএনপিসহ সমমনা রাজনৈতিক দলগুলোর ডাকা তিন দিনের অবরোধে নাশকতা ঠেকাতে মেহেরপুরে আইন শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি এক প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে।

মেহেরপুরের জেলা প্রশাসক শামিম হাসান মেহেরপুর প্রতিদিনকে এ তথ্য নিশ্চিত করেছেন। ইতোমধ্যে বিজিবির ওই দলটি মেহেরপুরে পৌছেছে।